৩০ মে ২০২৪

# কার্যনির্বাহী কমিটির ৬ষ্ঠ সভার কার্যবিবরণী

গত **২৪ মে ২০২৪** শুক্রবার কার্যনির্বাহী কমিটির **৬ষ্ঠ সভা** ১৫০ শহীদুল্লাহ কলা ভবনে অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন বাংলা বিভাগ অ্যালামনাইয়ের সভাপতি জনাব জামিল রায়হান। সভার শুরুতেই বাংলা অ্যালামনাইয়ের সাধারণ সম্পাদক গত ২মার্চ ২০২৪র সাধারণ সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। এর এক পর্যায়ে সাধারণ সভায় গৃহীত গঠনতন্ত্র সংশোধনী সিদ্ধান্ত নিয়ে একজন সদস্য প্রশ্ন তুললে তা নিয়ে আলোচনা হয়। এবং এক পর্যায়ে বাংলা বিভাগ অ্যালামনাইয়ের প্রতিষ্ঠাতা সভাপতি ও বর্তমান কার্যনির্বাহী সদস্য কবি আপেল আবদুল্লাহ এ-বিষয়ক বিস্তারিত ব্যাখ্যা ও সাংগঠনিক স্বার্থসমূহ সকলের সম্মুখে দীর্ঘসময় নিয়ে উপস্থাপন করলে সকল সদস্যের সম্মতিতে সাধারণ সভার কার্যবিবরণীটি গৃহীত হয়। এরপর নির্ধারিত এজেন্ডায় আলোচনা শুরু হলে আগামী দ্বিবার্ষিক সম্মিলনের তারিখ ২৬ ও ২৭ ডিসেম্বর ২০২৪ বৃহস্পতি ও শুক্রবার নির্ধারিত হয়। দু-একজন পেশাগত কারণে এ তারিখ নিয়ে আপত্তি তুললেও প্রায় সকলেই তা গ্রহণ করেন। দ্বিবার্ষিক সম্মেলন সফল এবং আড়ম্বরপূর্ণ করার লক্ষ্যে ফান্ড সংগ্রহ, স্মরণিকা প্রকাশনা, গঠনতন্ত্রের হালনাগাদ করে চূড়ান্ত কপি ছাপানো ও সদস্যদের কাছে বিতরণ, সদস্য পরিচিতি গ্রন্থটি নবায়ণ ও প্রকাশ, অ্যালামনাইয়ের অব্যয়যোগ্য স্থায়ী আমানত লাভজনক বিবেচনায় এবি ব্যাংক থেকে ব্যাংকিং চ্যানেলে অন্য ব্যাংকে স্থানান্তর ও স্থায়ী আমানতকরণ , দ্বিবার্ষিক সম্মিলন উৎসবের পোশাক ও চাঁদা নির্ধারণ, অতিথি নির্ধারণসহ সম্মিলন উৎসব সংক্রান্ত বিষয়ে দীর্ঘ আলোচনা হয়। আলোচনা শেষে সভায় নিম্লোক্ত সিদ্ধান্ত গৃহীত হয় :

১। পঞ্চম দ্বিবার্ষিক সম্মেলনের তারিখ

সিদ্ধান্ত : ২৬ ও ২৭ ডিসেম্বর ২০২৪ মোতাবেক বৃহস্পতি ও শুক্রবার

২। পঞ্চম দ্বিবার্ষিক সম্মিলনের পরিকল্পনা ও বাস্তবায়ন কমিটি গঠন

সিদ্ধান্ত : সাধারণ সম্পাদক শহীদ ইকবাল-কে আহ্বায়ক করে ৩১ সদস্যবিশিষ্ট সম্মিলন কর্মসূচি পরিকল্পনা ও বাস্তবায়ন উপ-কমিটি গঠন করা হয়। কমিটি নিম্নরূপ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) : ১। শহীদ ইকবাল– আহ্বায়ক, ২। মো. ব্রাইনির ইসলাম– সদস্য, ৩। আজিজুর রহমান দীপু, ৪। তবিবুর রহমান, ৫। সাহানা নাসরিন, ৬। রেবেকা সুলতানা শম্পা, ৭। ইকবাল, ৮। রবিউল ইসলাম রবি, ৯। এস. এম. সাইদুল আম্বিয়া, ১০। ফারজানা মাহবুব শায়লা, ১১। আহমদুল কবির, ১২। আবদুল খালেক মিঠু, ১৩। আলমাস মল্লিক, ১৪। হাসনা, ১৫। রফিকুল ইসলাম, ১৬। বিএম. রেজাউল করিম, ১৭। এলিনা খান, ১৮। ফাহমিদা পলি, ১৯। তুহিন আব্বাসী, ২০। আ. হাই সিদ্দিকী, ২১। শুভ্র সন্যাসী, ২২। মো. আবদুল রশীদ, ২৩। কামরুজ্জামান গোপন, ২৪। সৈয়দ তৌফিক জুহরী, ২৫। গৌতম দত্ত, ২৬। গৌতম গোস্বামী, ২৭। শামসুন নাহার সুমী, ২৮। মিজানুর রহমান খান, ২৯। সুমাইয়া খানম, ৩০। মো. সুজা উদ্-দৌলা ৩১। রমেন রায়

**কমিটির কার্যপরিধি :**

ক) সম্মিলন উপলক্ষ্যে সকল উপ-কমিটি গঠন
খ) সম্মিলনের পোষাক, কিটস ও চাঁদা নির্ধারণ
গ) সম্মিলনের স্থান, খাবার, প্রদর্শনী স্টলসহ যাবতীয় কার্যক্রম নির্ধারণ
ঘ) এ কমিটি যে কোনো সদস্যকে কো-অপ্ট করতে পারবে

৩। বাংলা বিভাগ অ্যালামনাই, ঢাকা, রাজশাহী ও খুলনা বিভাগীয় কমিটি অনুমোদন

সিদ্ধান্ত : বাংলা বিভাগ অ্যালামনাই, ঢাকা, রাজশাহী ও খুলনা বিভাগীয় কমিটিকে পূর্বের শর্তসাপেক্ষে প্রদত্ত অনুমোদন এবং এ সম্পর্কিত গঠনতন্ত্রের সংশোধনী সর্বসম্মতভাবে গৃহীত হওয়ায় ঢাকা, রাজশাহী ও খুলনা বিভাগীয় কমিটিকে চূড়ান্তভাবে অনুমোদন করা হয়।

৪। বাংলা বিভাগ অ্যালামনাইয়ের বার্ষিক সাধারণ সভার খরচ অনুমোদন

সিদ্ধান্ত : সাধারণ সভায় ২২২ জনের সদস্য-চাঁদা (অতিথিসহ) থেকে আয় ১ লক্ষ ১১ হাজার টাকার বিপরীতে ব্যয় ৮৪ হাজার টাকা অনুমোদন দেওয়া হয়।

৫। বাংলা বিভাগ অ্যালামনাই বাংলা বিভাগের সেমিনার লাইব্রেরীতে ১ লক্ষ টাকা অনুদান প্রসঙ্গ

সিদ্ধান্ত : কার্যনির্বাহী সভায় উপস্থিত সদস্যবৃন্দ তাৎক্ষণিকভাবে বিভিন্ন অংকের চাঁদা দিয়ে ১ লক্ষ টাকা অনুদানের সিদ্ধান্ত হয়। এতে (জ্যেষ্ঠতার অনুক্রমে নয়) মাহবুব আলম ৫০ হাজার এবং জনাব আপেল আবদুল্লাহ, আজিজুর রহমান দীপু, রমেন রায়, আলমাস মল্লিক, ব্রাইনির ইসলাম, খালেক মিঠু, রমেন রায়, শহীদ ইকবাল– প্রত্যেককে ৫ হাজার করে এবং জনাব জামিল রায়হান ১০ হাজার টাকা করে মোট ১ লক্ষ টাকা অনুদান দেন।

৬। সদস্য-পরিচিতি গ্রন্থ নবায়ণ এবং প্রকাশনা কমিটি গঠন

সিদ্ধান্ত : জনাব আপেল আব্দুল্লাহ্কে আহ্বায়ক করে এ বিষয়ে ২৫ সদস্যের একটি কমিটি গঠন করা হয়। কমিটি নিম্নরূপ (জ্যেষ্ঠতার অনুক্রমে নয়) : হাবিবুর রহমান হাবু, ব্রাইনির ইসলাম, তারিক-উল ইসলাম, মো. রবিউল আলম, মো. গোলাম মোস্তফা জিন্নাহ, নাজমুন নাহার বিউটি, ড. মো. আবদুল ওহাব, জুবলী বেগম রানু, শহীদ ইকবাল, মাহমুদুল কবির, জ্যোৎস্না লিপি, ড. আজিজুল রহমান দীপু, মো. রবিউল আলম রবি, মো. মাহবুব আলম, রমেন রায়, ফারজানা মাহবুব শায়লা, ড. গৌতম দত্ত, এস এম সাইদুল আম্বিয়া, সদ্য সমুজ্জ্বল, মুস্তাকিন ইসলাম, শিবলী শিহাব, ওবাইদুর রহমান। এ কমিটির কর্ম-পরিধি হবে : ক) প্রত্যেক জীবন সদস্যের তথ্য ও বর্তমান ঠিকানা হালনাগাদকরণ ও ভুল সংশোধন, খ) পরলোকগত সদস্যদের তথ্য পৃথকীকরণ ও শ্রদ্ধাঞ্জলি, গ) তথ্য হালনাগাদের পর এ কমিটি সকল সদস্যের আইডি কার্ড প্রস্তুত করবে, ঘ) নতুন সদস্যের হালনাগাদ সকল তথ্য সংযোজনকরণ ঙ) কমিটি নতুন সদস্য কো-অপ্ট করতে পারবে এবং প্রয়োজনে যে কোনো সদস্যের সহযোগিতা গ্রহণ করতে পারবে।

৭। বাংলা বিভাগ অ্যালামনাইয়ের স্থায়ী আমানত ব্যাংকিং চ্যানেলে নতুন ব্যাংকে স্থানান্তর

সিদ্ধান্ত : বাংলা বিভাগ অ্যালামনাইয়ের সদস্য চাঁদার অব্যয়যোগ্য অর্থ যা তিনটি এফডিআর-এর মাধ্যমে এবি ব্যাংকে স্থায়ী আমানতকৃত রয়েছে তার প্রতিটির মেয়াদ পূর্তিতে লাভজনক মুনাফা প্রাপ্তি বিবেচনায় গঠনতন্ত্রের ১৫এর (খ) অনুসরণে অন্য ব্যাংকে ব্যাংকিং চ্যানেলে স্থানান্তর করে নতুন স্থায়ী আমানত করা যাবে। ব্যাংক নির্বাচনে বাংলাদেশ ব্যাংকের গ্রেডিং অনুযায়ী অপেক্ষাকৃত ভালো ব্যাংক নির্বাচন করতে হবে।

৮। সম্মিলনের পুরস্কার বিষয়ে আলোচনা

সিদ্ধান্ত : কলাবিদ পুরস্কার ও ছাত্রছাত্রীদের মেধাবৃত্তি (ক) গঠনতন্ত্রের ১১-এর (১) ও (২) অনুযায়ী কলাবিদ পুরষ্কার নির্ধারণের জন্য সভাপতি ও সাধারণ সম্পাদক এবং তসিকুল ইসলাম রাজা, আপেল আবদুল্লাহ ও পিএম সফিকুল ইসলাম সমন্বয়ে পাঁচ সদস্যের কমিটি গঠন করবে। এ কমিটি ২০২৫ সালের জন্য কলাবিদ পুরষ্কারের নাম চূড়ান্ত করবে।

(খ) ছাত্র-ছাত্রীদের ফলাফল ও গঠনতন্ত্রের ১১ এর (৩)র ক, খ, গ, ও ঘ অনুযায়ী মেধাবী ছাত্রের তালিকা ও পুরষ্কারের মূল্যমান ও সংখ্যা নির্ধারণের জন্য বাংলা বিভাগের চেয়ারম্যান ও অ্যালামনাই সাধারণ সম্পাদক শহীদ ইকবালের নেতৃত্বে তিন সদস্যের কমিটি গঠন করা হয়। কমিটির অপর দুজন সদস্য হবেন মিজানুর রহমান খান ও মানিকুল ইসলাম

আর কোনো আলোচন্যসূচি না থাকায় সভাপতি জামিল রায়হান সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করেন।

সভাশেষে বিভাগীয় কমিটি মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করে।

সাধারণ সম্পাদক

সভাপতি